দৈনিক সংবাদ

৩/৯/২০০০

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

# সিলেটের জালালপুর মাদ্রাসায় ৪ দিনের ধর্মঘট

**নিজস্ব বার্তা পরিবেশক, সিলেট কার্যালয় ঃ** সিলেটের প্রাচীনতম ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান জালালপুর জালালিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসার ছাত্ররা ছয়দফা দাবিতে গত ২রা সেপ্টেম্বর থেকে চার দিনের ধর্মঘট আহ্বান করেছে।

ছাত্রদের দাবি-দাওয়ার মধ্যে রয়েছে মাদ্রাসায় শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি, নিয়মিত পাঠদান, অযোগ্য শিক্ষকদেরকে অব্যাহতি দেয়া, ছাত্রদের মাঝে দলাদলি সৃষ্টির অপচেষ্টা বন্ধ করা ইত্যাদি। এর আগে আরো দুদিন ধর্মঘট পালন করা হয়।

ধর্মঘট পরিচালনার লক্ষ্যে ৭ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়া গত ২রা সেপ্টেম্বর মাদ্রাসার ১নং হলে একটি ছাত্র-সমাবেশ অনুষ্ঠিত হয়। নূরুল ইসলাম সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে আবদুল ওয়াহিদ, বোরহান উদ্দিন, ফয়সাল আহমদ, নেসার আহমদ জামাল, আবদুল সালাম, রেদোয়া আহমদ ও ইসলাম উদ্দিন বক্তব্য রাখেন।